

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫৪৪

আগরতলা, ১৪ মার্চ, ২০১৯

রাজ্যস্তরীয় এম সি এম সি পুনর্গঠিত

ভারতের নির্বাচন কমিশনের নির্দেশ অনুসারে রাজ্যস্তরীয় মিডিয়া সার্টিফিকেশন এন্ড মনিটরিং কমিটি (এম সি এম সি) পুনর্গঠন করা হয়েছে। এই কমিটির চেয়ারম্যান মনোনীত হয়েছেন ত্রিপুরার মুখ্য নির্বাচন আধিকারিক। সদস্য হিসেবে রয়েছেন ভারতের নির্বাচন কমিশনের দ্বারা নিযুক্ত পর্যবেক্ষক, তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা, আগরতলা দূরদর্শন কেন্দ্রের সহ-অধিকর্তা (সংবাদ), আগরতলা প্রেস ক্লাবের সচিব। কমিটির সদস্য সচিব হিসেবে থাকবেন ত্রিপুরার বিশেষ মুখ্য নির্বাচন আধিকারিক। টেলিভিশন চ্যানেল ও ক্যাবল নেটওয়ার্কে প্রদর্শনের জন্য কোন রাজনৈতিক দল অথবা সংস্থার বিজ্ঞাপনের ব্যাপারে অনুমোদন কিংবা নিষেধাজ্ঞা সম্পর্কে যদি কোন রাজনৈতিক দল, প্রার্থী বা অন্য কোন ব্যক্তির অভিযোগ থাকে তাহলে সে ব্যাপারে এই কমিটি সিদ্ধান্ত নেবে।
